

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১০ পৌষ, ১৪২৫ বঙ্গাব্দ/২৪ ডিসেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ৩৭১-আইন/আয়কর/২০১৮।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ৫ (পাঁচ) বৎসরের জন্য, “শান্তি ক্যাম্পার ফাউন্ডেশন” কে কোন করদাতা কর্তৃক প্রদত্ত দান বা অনুদানকে উক্ত Ordinance এর অধীন আরোপণীয় আয়কর প্রদান হইতে এতদ্বারা অব্যাহতি (exemption) প্রদান করিল, যথা:-

শর্তসমূহ:

- (ক) “শান্তি ক্যাম্পার ফাউন্ডেশন” কে উক্ত Ordinance এর section 75 এ নির্ধারিত সময়ের মধ্যে নিরীক্ষা বিবরণীসহ আয়কর রিটার্ন দাখিল করিতে হইবে; এবং
- (খ) এই প্রজ্ঞাপনের মাধ্যমে প্রাপ্ত দান ও অনুদান “শান্তি ক্যাম্পার ফাউন্ডেশন” কে সম্পূর্ণভাবে উক্ত ফাউন্ডেশনের জনকল্যাণমূলক কাজে ব্যয় করিতে হইবে।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

Bangladesh Tax Update

[www.kdroy.com.bd](http://www.kdroy.com.bd)/[www.ltr.com.bd](http://www.ltr.com.bd)

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি

সিনিয়র সচিব।